চাটমোহরে সকল ইউনিয়নে কমিউনিটি এ্যাম্বুলেন্স প্রদান

এ্যাম্বুলেন্সের চাবি
হস্তান্তর করছেন জেলা প্রশাসক

চাটমোহর প্রতিনিধি: চাটমোহর উপজেলা প্রশাসনের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের পরিকল্পনায় ৬লক্ষ জনসাধারণকে বীনামূল্যে পরিবহন সেবা প্রদানের মাধ্যমে মা ও শিশুর স্বাস্থ্য সেবার উন্নতিকল্পে নিয়োজিত ভ্রাম্যমান এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করা হয়।

বুধবার (১ জুন) সকালে উপজেলা চত্বরে এক অনুষ্ঠানে কমিউনিটি এ্যাম্বুলেন্স প্রদান করেন রেখা রানী বালো, জেলা প্রশাসক, পাবনা।

এ ছাড়াও চাটমোহর উপজেলার ৪টি উন্নয়নমূলক কাজের উদ্বোধন করেন পাবনা জেলা প্রশাসক।

উন্নয়নমূলক কার্যক্রম গুলো হল, সীমানা ফলক, নবনির্মিত হোন্ডা গ্যারেজ, চতুর্থ শ্রেণির কর্মচারীদের ইউনিফর্ম বিতরণ।

এ্যাম্বুলেন্সগুলো ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশ দ্বারা পরিচালিত হবে এবং ইউনিয়ন পর্যায়ে প্রায় ৬ লক্ষ জনসাধারণ বীনামূল্যে এ সেবা পাবে। প্রতিটি এম্বুলেন্স এ কর্পোরেট সিমকার্ডসহ মোবাইল ফোনের ব্যবস্থা রাখা হয়েছে।